



## আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ০৩-০৫-২০২৩

### বিমান বাহিনীর শ্রেষ্ঠ জেসিও, বিমানসেনা ও এমওডিসি (এয়ার)-২০২১ এর সনদপত্র ও ট্রফি বিতরণী অনুষ্ঠান

ঢাকা, ০৩ মে : বিমান বাহিনীর শ্রেষ্ঠ জেসিও, বিমানসেনা ও এমওডিসি (এয়ার)-২০২১ এর জন্য নির্বাচিত সদস্যদের মাঝে সনদপত্র ও ট্রফি বিতরণ অনুষ্ঠান আজ বুধবার (০৩-৫-২০২৩) বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকায় অবস্থিত বিএএফ শাহীন হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল শেখ আব্দুল হান্নান, বিবিপি, বিইউপি, এনএসডব্লিউসি, এফএডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শ্রেষ্ঠ জেসিও, বিমানসেনা ও এমওডিসি (এয়ার) দের মাঝে সনদপত্র ও ট্রফি বিতরণ করেন।

২০২১ সালে বিমান সদর ও অন্যান্য ঘাঁটি/ইউনিট হতে নির্বাচিত ২৭জন বিমানসেনার মধ্য হতে বিমান সদর কেন্দ্রীয় নির্বাচনী পর্ষদ ০১ জন শ্রেষ্ঠ জেসিও, ০১ জন শ্রেষ্ঠ বিমানসেনা ও অসামান্য অবদানের জন্য ০১ জন বিমানসেনা নির্বাচন করে এবং ০৭ জন এমওডিসি (এয়ার) এর মধ্য হতে ০১ জন শ্রেষ্ঠ জেসিও এমওডিসি (এয়ার) এবং ০১ জন শ্রেষ্ঠ এমওডিসি (এয়ার) নির্বাচন করে। ওয়ারেন্ট অফিসার মাজেদুল আলম, এয়ারফ্রেম ফিটার এবং সার্জেন্ট মোঃ আবু সাঈদ, জিএস যথাক্রমে শ্রেষ্ঠ জেসিও এবং শ্রেষ্ঠ বিমানসেনা হিসেবে নির্বাচিত হয়ে সনদপত্র ও ট্রফি লাভ করেন। অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ সার্জেন্ট মোঃ আব্দুর রহিম সাখিদার, রেডিও ফিটার শ্রেষ্ঠ বিমানসেনা হিসেবে নির্বাচিত হয়ে সনদপত্র লাভ করেন।

এছাড়াও মাস্টার ওয়ারেন্ট অফিসার (এমওডিসি) সৈয়দ সালাম চৌধুরী, জিডি জেসিও এমওডিসি (এয়ার) এবং সার্জেন্ট মোঃ মিরাজ আলী, জিডি শ্রেষ্ঠ এমওডিসি (এয়ার) হিসেবে সনদপত্র ও ট্রফি লাভ করেন। অনুষ্ঠানে সহকারী বিমান বাহিনী প্রধানগণ, বিভিন্ন ঘাঁটির এয়ার অধিনায়কগণ, বিমান সদরের পরিচালকগণসহ বিমান বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন ঘাঁটি হতে আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

আয়শা ছিদ্দিকা

সহ: তথ্য অফিসার

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৭